

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৭ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২:০০ টা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

**১.১ আলোচনা:** সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) সভাকে অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে গত ১৩ মার্চ ২০২২ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে (সভার কার্যবিবরণী সংযুক্ত)। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি সেবার বিপরীতে সেবা প্রদানের নিমিত্ত সেবা প্রত্যাশী কর্তৃক আবেদনের জন্য পর্যায়ক্রমে ফরম সংযোজনকরণ;
- (খ) আইসিটি সেল কর্তৃক এ বিভাগের সকল শাখা হতে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ফরম সংগ্রহের জন্য এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ বরাবর পত্র প্রেরণ;
- (গ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিটি সেবার বিপরীতে প্রযোজ্য ক্ষেত্রে পর্যায়ক্রমে ফরম সংযোজনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশকরণ।

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণ করার জন্য বিশদ আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**১.২ সিদ্ধান্ত:**

- (ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে ফরম সংযোজনপূর্বক তা পিডিএফ ফাইল আকারে তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে কিনা তা যাচাই করা;
- (খ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবার বিপরীতে অনুবিভাগ ভিত্তিক কতগুলো ফরম

সংযোজন করা হয়েছে এবং ফরমের লিংকসমূহ সঠিকভাবে কাজ করে কিনা তা যাচাই-বাছাই করা।

**২.০ আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত কিছু সেবার কার্যক্রম দ্বৈবচয়ন ভিত্তিতে যাচাই-বাছাই করা।

**২.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহের মধ্যে দ্বৈবচয়ন ভিত্তিতে ০৪টি সেবার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয় কিনা তা যাচাই-বাছাই করার বিষয়ে সভায় উপস্থিত সকলে মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনাক্রমে জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রদান, স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান, বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান, প্যারোলে মুক্তি প্রদান সেবা কার্যক্রম যাচাই-বাছাই করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

## ২.২ সিদ্ধান্ত:

জানুয়ারি-মার্চ, ২০২২ সময়ে দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রদান, স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান, বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান, প্যারোলে মুক্তি প্রদান সেবা কার্যক্রমে কতটি আবেদন গৃহীত হয়েছে, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সৈয়দ বেলাল হোসেন

অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.৬৭

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮

২৯ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আইয়ুব হোসেন

প্রোগ্রামার